



নং-১৯.০১.৪৬০১.১০১.৪৬.০৯০.১৯-৪৫৩

তারিখঃ ০৪ অক্টোবর ২০২২

প্রিয় সুধী,

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল-এর জন্মদিন উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে এই দূতাবাস কর্তৃক আগামী ১৮ অক্টোবর ২০২২, মঙ্গলবার দূতাবাস প্রাঙ্গণে নিম্নলিখিত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছেঃ

- বিকাল ৫.০০ ঘটিকা : শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা  
ক বিভাগঃ অনূর্ধ্ব ১২ বছর, বিষয়ঃ বাংলাদেশ সম্পর্কিত যে কোন চিত্র  
খ বিভাগঃ ১২<sup>+</sup> -১৮ বছর, বিষয়ঃ বাংলাদেশ সম্পর্কিত যে কোন চিত্র  
[চিত্রাঙ্কনের জন্য আর্ট পেপার ও রং পেন্সিল দূতাবাস সরবরাহ করবে]
- বিকাল ৫.৩০ ঘটিকা : শিশুদের অংশগ্রহণে ছড়া/ কবিতা আবৃত্তি প্রতিযোগিতা  
ক বিভাগঃ অনূর্ধ্ব ১২ বছর, বিষয়ঃ বাংলাদেশ সম্পর্কিত যে কোন ছড়া/ কবিতা  
খ বিভাগঃ ১২<sup>+</sup> -১৮ বছর, বিষয়ঃ বাংলাদেশ সম্পর্কিত যে কোন কবিতা
- সন্ধ্যা ৫.৪৫ ঘটিকা : দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও  
মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ
- সন্ধ্যা ৬.০৫ ঘটিকা : শেখ রাসেলের উপর নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন
- সন্ধ্যা ৬.৫০ ঘটিকা : প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের নাম ঘোষণা
- সন্ধ্যা ৭.০০ ঘটিকা : প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ

উক্ত অনুষ্ঠানে শিশুসহ উপস্থিত হওয়ার জন্য আত্মহী প্রবাসী বাংলাদেশীদেরকে সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে।  
শিশুদেরকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসাহ প্রদানের জন্য অভিভাবকদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

আপনার একান্ত,

আমরিন জাহান  
কাউন্সেলর ও দূতালয় প্রধান

সুইডেন, নরওয়ে ও ফিনল্যান্ডে বসবাসরত বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ

[বিঃ দ্রঃ ঘোষণাপত্রটি দূতাবাসের ওয়েবসাইট ও দূতাবাসের ফেসবুক পেজে প্রকাশিত হলো।]